সমকাল

তারিখ ... 05 MAY 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

# প্রকাশ পেল ৩০ খণ্ডের রবীন্দ্র-রচনাবলি

■ সমকাল প্রতিবেদক

১৯৩৯ সালে কলকাতার বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় থেকে প্রথম প্রকাশ পায় কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের রচনাবলি। এরপর কলকাতা ও বাংলাদেশ থেকে নানা সময় নানা আঙ্গিকে প্রকাশ পেয়েছে রবীন্দ্র-রচনাবলি। কিন্তু এবার সে রচনাবলি ভিন্ন আঙ্গিকে প্রকাশ করল দেশের সৃজনশীল প্রকাশনা সংস্থা ঐতিহ্য। সাড়ে ২২ হাজার পৃষ্ঠার এ রচনাবলি প্রকাশ পেয়েছে ৩০ খণ্ডে। যা সম্পাদনা করেছেন রবীন্দ্র-গবেষক অধ্যাপক সৈয়দ আকরম হোসেন।

গতকাল বুধবার জাতীয় জাদুঘরের প্রধান মিলনায়তনে এই রবীন্দ্র-রচনাবলির প্রকাশনা উৎসব অনুষ্ঠিত হয়। ইমেরিটাস অধ্যাপক ড. আনিসুজ্জামানের সভাপতিত্বে এতে অতিথি ছিলেন রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. পবিত্র সরকার, বর্তমান উপাচার্য সব্যসাচী বসু রায়চৌধুরী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অধ্যাপক সৈয়দ মনজুরুল ইসলাম, রবীন্দ্রসঙ্গীত শিল্পী রেজওয়ানা চৌধুরী বন্যা ও জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজের সভাপতি আজিজুর রহমান আজিজ।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ঐতিহ্যর প্রধান নির্বাহী আরিফুর রহমান নাঈম। মঞ্চে উপস্থিত ছিলেন রচনাবলি সম্পাদনা সহযোগী আবুল বাসার ফিরোজ ও অঙ্কিক আর্যু।

অধ্যাপক আনিসুজ্জামান বলেন, 'এ রচনাবলিতে এমন সব লেখা রয়েছে যা বিশ্বভারতীর রচনাবলিতে নেই। সৈয়দ আকরম হোসেনের সম্পাদিত রচনাবলি রবীন্দ্রনাথের সব বাংলা লেখা একসঙ্গে তুলে দিচ্ছে পাঠকের হাতে। ভবিষ্যতে এ রচনাবলিতে রবীন্দ্রনাথের ইংরেজি রচনাগুলোও যুক্ত করা হলে, আমরা স্বাগত জানাবো।'

বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের সব্যসাচী বসু রায়চৌধুরী বলেন, 'কবি, সাহিত্যিক, প্রাবন্ধিক, গীতিকার, অভিনেতা রবীন্দ্রনাথকে কীভাবে যে পরিচিত করা যাবে তা আজও আমরা বুঝতে পারিনি। তিনি বাংলাভাষী মানুষের চিন্তাকে যেভাবে তুলে ধরেছেন, তা আর কারও পক্ষে সম্ভব ছিল না। তার লেখার মধ্য দিয়েই বাঙালি তার আত্মপরিচয় খুঁজে পেয়েছে।'

অধ্যাপক পবিত্র সরকার বলেন, 'রবীন্দ্রনাথ বলেছিলেন, সকলের সঙ্গে মিলিত হয়ে বাঁচো। প্রেমের মধ্যে বাঁচো, মানুষকে ভালোবেসে বাঁচো। নিসর্গের সঙ্গে যুক্ত হও, বর্ষার সঙ্গে বসন্তের সঙ্গে যুক্ত হও। আমরা এই বাঁচার অর্থ বুঝিনি। তবে ধীরে ধীরে বোঝার চেষ্টা করছি।'

রবীন্দ্র-রচনাবলি সম্পাদনার সঙ্গে যুক্তরা জানান, রচনাবলিতে এই প্রথম রবীন্দ্রনাথের সব চিঠিপত্র ও অখণ্ড গীতবিতানও অন্তর্ভুক্ত করা হয়েছে। এ ছাড়া রবীন্দ্রনাথের আঁকা 'রূপ-বিরূপে'র দুই শতাধিকেরও বেশি রঙিন ছবি ও প্রাসঙ্গিক চার শতাধিক সাদা কালো ছবিও ■ পৃষ্ঠা ৪ : কলাম ১

## প্রকাশ পেল

[১৯ পৃষ্ঠার পর]

অন্তর্ভুক্ত করা হয়েছে। আয়োজকরা জানান, ঐতিহ্য প্রকাশিত রচনাবলি প্রকাশের সঙ্গে যুক্ত হয়েছে মোবাইল ফোন অপারেটর গ্রামীণফোন, ঢাকা ব্যাংক লিমিটেড, পেপারটেক ইন্ডাস্ট্রিজ লিমিটেড ও বাংলাদেশে শীর্ষ অনলাইন বই বিক্রয় প্রতিষ্ঠান রকমারিডটকম। ঐতিহ্য রবীন্দ্র-রচনাবলির দাম ধরা হয়েছে ৪০ হাজার টাকা। অবশ্য এখন বিশেষ ছাড়ে স্বল্পসময়ের জন্য ক্রেতারা ১৯ হাজার ৯০০ টাকায় এটি কিনতে পারবেন। গ্রামীণফোন স্টার গ্রাহকরা রকমারিডটকমের কো-ব্র্যান্ডেড সাইট www.rokomari.com/gpstar এর মাধ্যমে এই রচনাবলি কিনতে অতিরিক্ত ১০ শতাংশ ছাড় উপভোগ করবেন। এ ছাড়া কোনো রকম সুদ ছাড়াই ঢাকা ব্যাংক লিমিটেডের ডেবিট ও ক্রেডিট কার্ডের গ্রাহকরা এই রচনাবলি ৩ থেকে ৬ মাসের কিস্তিতে দাম পরিশোধের সুবিধা পাবেন।